## পথ দুর্ঘটনায় মৃত ১, আহত ৬

**নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ** পূর্ব মেদিনীপুরের কোলাঘাট থানার পারিট গ্রামে ৬ নং জাতীয় সড়কে মর্মান্তিক পথদুর্ঘটনায় মৃত্যু হল এক সাইকেল আরোহীর। জখম ৬ জন। মঙ্গলবার সকাল সাড়ে আটটা নাগাদ দুর্ঘটনাটি ঘটে। জানা গেছে, কোলাঘাটগামী একটি ডাম্পার প্রচণ্ডগতিতে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে একটি সাইকেল আরোহীকে ধাক্কা মারে। এরপর সামনে থাকা মারুতিটিকে ধাক্কা মারে ঘাতক ডাম্পারটি। ঘটনাস্থলেই সাইকেল আরোহীর মৃত্যু হয়। এই ঘটনায় দীর্ঘক্ষণ ৬ নম্বর জাতীয় সড়কের একদিক অবরুদ্ধ হয়ে থাকে। পরে কোলাঘাট থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে। যানচলাচল স্বাভাবিক হয় বেশ কিছুক্ষণ পর। স্থানীয়দের থেকে জানা গেছে, পশ্চিম মেদিনীপুরের কেশপুর থেকে যাত্রী নিয়ে পূর্ব মেদিনীপুর জেলার তমলুকে ফিরছিল মারুতিটি। এই দুর্ঘটনার কবলে পড়ে মারুতিটির চালক সহ মোট সাতজন যাত্রী আহত হয়েছেন। তারমধ্যে ২-৩ জনের আঘাত গুরুতর। তাঁদের সবাইকেই চিকিৎসার জন্যে তমলুক জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। মারুতির আরোহীদের বাড়ি তমলুক এলাকায়। অপরদিকে দুর্ঘটনায় মৃত ব্যক্তির নাম গণেশ ঘোড়ই (২৬)। বাড়ি কোলাঘাট থানার আমিরচক গ্রামে।

## রামনগরে অপহৃতা নাবালিকা উদ্ধার

**নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ** পূর্ব মেদিনীপুর জেলার রামনগর থানার পুলিশ অপহৃতা বছর সতেরোর এক নাবালিকা স্কুল ছাত্রীকে উদ্ধার করল। উদ্ধার হওয়া নাবালিকা মেয়েটিকে কাঁথি আলালতে তোলা হয়। বিচারক তার গোপন জবানবন্দি গ্রহণ করেন। অপহরণকারী যুবককে খোঁজে তল্লাশি চালাচ্ছে রামনগর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, গত ১৯ মে রামনগর থানার দক্ষিণ খিয়ার গ্রামের একাদশ শ্রেণির এক নাবালিকা স্কুল ছাত্রীকে তার বাড়ি থেকে অপহরণ করা হয় বলে অভিযোগ। পরিবারের লোকেরা বহু খোঁজাখুঁজির পর মেয়েটির দেখা না মেলায় তার বাবা স্বপন পণ্ডা রামনগর থানায় অপহরণের লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্তে নেমে মঙ্গলবার সকালে ওড়িশার বালেশ্বর থানা এলাকা থেকে ওই নাবালিকা মেয়েটিকে উদ্ধার করল।

## মোটর সাইকেল চুরি, গ্রেফতার আরও এক

**নিজস্ব সংবাদদাতা, মারিশদা ঃ** মারিশদায় মোটর সাইকেল চুরি করার অভিযোগে আরও এক যুবককে গ্রেফতার করল পুলিশ। সোমবার মারিশদা থানার পুলিশ সেক মুস্তফাকে গ্রেফতারের পর কাঁথি আদালতে তুললে বিচারক তার জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। ধৃত মুস্তফার বাড়ি খেজুরি থানার আলি আমজাতচক গ্রামে। জানা গেছে, গত ১ জুন মারিশদার কালিনগর বাজার থেকে ব্যবসায়ী অজয় সিং নামে এক ব্যক্তির মোটর সাইকেল চুরি যায়। ২ জুন অজয়বাবু মারিশদা থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে রবিবার রাতে পুলিশ অজয় দাসকে গ্রেফতার করে। ধৃত অজয়কে জেরা করে সেক মুস্তফার নাম জানতে পারে পুলিশ। সেইমতো সোমবার রাতে মারিশদা থানার পুলিশ খেজুরির মুস্তফার বাড়িতে থেকে তাকে গ্রেফতার করে।

## হলদিয়ায় একই বৃন্তে দুটি কুসুম

**দুর্গাপদ মিশ্র, হলদিয়া ঃ** সারা দেশ জুড়ে যখন ধর্ম নিয়ে চারিদিকে হানাহানির ছবি। তখন মুসলিমদের আসন্ন ঈদ উৎসব আর হিন্দুদের রথ যাত্রাকে সামনে রেখে সাম্প্রদায়িক সম্প্রীতির অন্য রকম ছবি তুলে ধরল পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়া। এখানে ঈদের আগামী শুভেচ্ছা জানিয়ে ছয়জন মৌলবির হাতে ইসলামী টুপি, লাচ্চা, আতর তুলে দেন ছয়জন পুরোহিত। আবার এই ছয়জন পুরোহিতের হাতে কাপড়, উড়নি, লাচ্চা ও ফল তুলে দিয়ে রথ যাত্রার আগাম শুভেচ্ছা জানান এই ইমামরা। হলদিয়া পৌরসভার কাউন্সিলর তথা চেয়ারম্যান ইন কাউন্সিল আজিজুর রহমানের উদ্যোগে অনুষ্ঠিত একই বৃন্তে দুটি কুসুম নামের এই অভিনব অনুষ্ঠানটিকে ঘিরে এলাকায় সর্ব স্তরের মানুষের মধ্যে উৎসাহ উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো। হলদিয়া শহর তৃণমূল কংগ্রেস সংখ্যালঘু সেলের এই অনুষ্ঠানের উদ্বোধন করেন হলদিয়ার মহকুমা শাসক পূর্ণেন্দু শেখর নস্কর। উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের বিদায়ী সভাধিপতি মধুরিমা মন্ডল, হলদিয়া পৌরসভার পৌরপ্রধান শ্যামল আদক, উপ পৌরপ্রধান সুধাংশু মন্ডল, চেয়ারম্যান ইন কাউন্সিল আজগর আলি, হলদিয়ার আই সি কুতলজী খোদা প্রমুখ।

হলদিয়ার রবীন্দ্র নজরুল মুক্তমঞ্চে অনুষ্ঠানের উদ্বোধন করে হলদিয়ার মহকুমাশাসক পূর্ণেন্দু শেখর নস্কর বলেন, ভারতের ইতিহাসই সারা পৃথিবীর সমস্ত মানুষকে নিজের আত্মীয় জ্ঞানে বিচার করে। দেশের বিভিন্ন এলাকায় মাঝে মধ্যে দুই-একটা বিচ্ছিন্ন ঘটনা ঘটে গেলেও আমরা সকলেই ভারতীয়। মহকুমাশাসক বলেন, এই ধরনের অনুষ্ঠান আরও বেশি বেশি করে আয়োজন করে নিজেদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধনকে আমাদের আরও দৃঢ় করতে হবে।

# বিদ্যালয়ের পানীয় জলে রাসায়নিক দ্রব্য, চাঞ্চল্য

**নিজস্ব সংবাদদাতা, দাঁতন ঃ** স্কুলের নলকূপে বিষাক্ত মিশ্রণ। রান্নার কর্মীরা জল নিতে গিয়েই বুঝতে পারেন, জলের সঙ্গে সাদা রংয়ের পদার্থ উঠে আসছে। সন্দেহ হয় তখনই। গন্ধ শুঁকে কীটনাশকের মতোই গন্ধ পান শিক্ষক-শিক্ষিকারা সহ রান্নার কাজে আসা কর্মী। দাঁতন ১ ব্লকের আসুয়া গ্রাম পঞ্চায়েতের জামুয়া শোলাকিয়া রামমোহন বিদ্যাপীঠে (মাধ্যমিক শিক্ষা কেন্দ্র) শোরগোল পড়ে। বন্ধ হয়ে যায় মিড ডে মিলের খাবার তৈরি। খবর যায় স্থানীয় থানায়। দাঁতন থানার পুলিশ, বিডিও পৌঁছান স্কুলে। জলে সন্দেহজনক কিছু পদার্থ থাকায় নলকূপটিকে সিল করে দেওয়া হয়েছে। লাগিয়ে দেওয়া হয়েছে জল না ব্যবহার করার নোটিশ। জলের নমুনাও সংগ্রহ করা হয়।

ঘটনায় আতঙ্ক ছড়ায় স্কুল কর্তৃপক্ষ থেকে অভিভাবকদের মধ্যে। তার আগে কেউ জল পান করেনি, তাহলে হয়তো বিপদ হতে পারত বলে মনে করছে স্কুল থেকে প্রশাসন। দাঁতন ব্লক স্বাস্থ্য আধিকারিক মৌসম মাহা স্কুলে গিয়ে জলের নমুনা সংগ্রহ করে আনেন। তিনি জানান, জলে সন্দেহজনক কিছু রয়েছে। তবে বিষ বা কীটনাশক কিনা এখনই বলা শক্ত। আমরা পরীক্ষার জন্য পাঠাচ্ছি। জল পরীক্ষা হয়ে আসতে সাতদিন সময় লাগবে বলে প্রশাসন সূত্রে জানা গেছে।

## দুঃস্থদের ঈদের উপহার দিলেন শুভেন্দু

**অনিমেষ বেরা, নন্দীগ্রাম ঃ** নিজের বিধানসভা কেন্দ্রের দুঃস্থ সংখ্যালঘু পরিবারের সদস্য-সদস্যদের হাতে ঈদের আগে উপহার সামগ্রী তুলে দিলেন এলাকার বিধায়ক তথা রাজ্যের পরিবহন ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী। উপহার তুলে দিলেন সেলিম, ইয়াসিন সহ গত ২০০৭ সালে নন্দীগ্রামে জমি রক্ষার আন্দোলনে সিপিএম আশ্রিত হার্মাদ হাতে খুন হওয়া ছয় শহিদ মুসলিম পরিবারের হাতেও। মঙ্গলবার নন্দীগ্রামে মীরের বাজারে রমজান মাস ও ইদুলফিতর উপলক্ষে প্রায় দশ হাজার মানুষের হাতে নতুন বস্ত্র, পোশাক তুলে দিলেন মন্ত্রী শুভেন্দু অধিকারী। বলেন, এই বাংলা সহ দেশের বিভিন্ন প্রান্তে কিছু কুচক্রী সব সময় চেষ্টা চালাচ্ছে হিন্দু-মুসলিমদের মধ্যে অবিশ্বাস আর সন্দেহের পরিবেশ তৈরি করে নিজেদের ক্ষমতা বাড়াতে। নন্দীগ্রামে জমি-জীবিকা-জীবন বাঁচানোর লড়াই চালানোর সময়েও এই চক্রান্তের সাক্ষী থেকেছেন আপনারা। সেই প্রেরণাদায় পা না দেওয়ায় আপনাদের লড়াইয়ের সামনে বুঁকতে হয়েছে অত্যাচারী বাম সরকারকেও। তাই আগামী দিনগুলোতেও সমস্ত ধরনের চক্রান্ত ভেস্তে দিয়ে এলাকার উন্নয়নে হিন্দু-মুসলমানদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে লড়াই চালিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি।

**মাদ্রাসা বোর্ডের মাধ্যমিক পরীক্ষায় মেধা তালিকায় স্থানাধিকারীদের মঙ্গলবার নবান্নে ল্যাপটপ, ঘড়ি ও বই দিয়ে সম্বর্ধিত করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ছিলেন রাজ্যের অন্যান্য মন্ত্রীরাও। কাঁথির গিমাবেড়িয়া হাই মাদ্রাসা থেকে রাজ্যে চতুর্থ স্থানাধিকারী সৈয়ফ সোনু আলিও উপস্থিত এই অনুষ্ঠানে।**

## মহিলা থানার উদ্যোগে জন সচেতনতা

**নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ** পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি মহিলা থানা আন্তর্জাতিক শিশু সুরক্ষা দিবসে শিশুশ্রম, শিশুপাচার, বাল্য বিবাহ ও যৌন নিগ্রহ প্রতিরোধে জন সচেতনতা বাড়াতে উদ্যোগী হল। কাঁথি ১ ব্লকের মহিষাগোট গ্রাম পঞ্চায়েতের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয় এই জনসচেতনতা মূলক সভায় সহযোগিতা করেন ফরিদপুর লোকশিক্ষা নিকেতন পরিচালিত চাইল্ডলাইনের পূর্ব মেদিনীপুর শাখা। সভার বক্তব্য রাখেন কাঁথি মহিলা থানার ওসি মৌসুমী সর্দার, চাইল্ডলাইনের পূর্ব মেদিনীপুর জেলার কো অর্ডিনেটর রবীন্দ্রনাথ পাল ও শিশুসুরক্ষা সমিতির সদস্য ইমরান উদ্দা প্রমুখ। এই সভার এলাকায় গৃহবধূ কিশোর ও কিশোরীর অংশগ্রহণ করেন। বক্তারা বলেন, শিশুশ্রম, বাল্যবিবাহ, শিশু পাচার ও যৌন নিগ্রহ এগুলি সামাজিক ব্যাধি। এই ব্যাধি থেকে সমাজকে দূর করতে হবে। কাঁথি মহিলা থানার ওসি মৌসুমী সর্দার বলেন, আজকের দিনে নারী ও শিশুরা নানাভাবে লাঞ্ছিত ও অত্যাচারিত হচ্ছেন। এইসব বন্ধ করতে হলে যেমন সংগঠিতভাবে প্রতিবাদ করতে হবে। তেমনি সামাজিক সচেতন করতে হতে হবে।

## স্টেশনে নেই টিকিট কাউন্টারের কর্মী, ক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, ডেবরা ঃ** ডেবরার বালিচক স্টেশনে টিকিট কাটতে গিয়েই যত বিপত্তি হাজার হাজার যাত্রীর। এবিষয়ে বালিচকের স্টেশন ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি অভিযোগ স্বীকার করে নেন। এবং জানান যে, আজ বুধবার থেকে পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে। বালিচক স্টেশনে তিনটি টিকিট কাউন্টার। অথচ একটি কাউন্টারে নেই কোনও রেলকর্মী। তাই বাকি দুটো কাউন্টারে উপচে পড়ে ভিড়। যার জেরে সময়ানুযায়ী ট্রেনও ধরতে পারেননা স্টেশনের যাত্রীরা। যাত্রীদের অভিযোগ, এটা কেবল একদিনের নয়। নিত্যদিন ঘটে চলেছে এমন ঘটনা। বহুবার কাউন্টারটি খোলার আবেদন জানিয়েও সারা মেলেনি। তাঁদের অভিযোগ, শুধু কাউন্টার বন্ধই নয়। স্টেশনের টিকিট কাটার ইলেকট্রিক মেশিনগুলিও বন্ধ। আর নিত্যদিনের এই ঘটনার জেরে প্রায় নাজেহাল পরিস্থিতি যাত্রীদের মধ্যে।

## কোলাঘাটে বিশ্ব সচেতনতা দিবস পালন

**নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ** পূর্ব মেদিনীপুর জেলার কোলাঘাটের ক্ষেত্রহাট বিশেষ শিশু শ্রমিক স্কুলের ছেলেমেয়েরা বিশ্ব সচেতনতা দিবস পালন করল। মঙ্গলবার ছিল বিশ্ব সচেতনতা দিবস। মূলত এই স্কুলে স্কুলছুট বাচ্চাদের পুনরায় স্কুলমুখী করা হয়। এদিন সকাল থেকেই শিক্ষক ও ছাত্রছাত্রীদের সমাজ সচেতনতার উদ্দেশ্যে পদযাত্রা সহকারে স্বচ্ছ অভিযানে নামে ছাত্রছাত্রীরা। এই পদযাত্রায় মূলত পরিবেশ পরিষ্কার রাখা, শিশুশ্রম বন্ধ করা, সবার জন্য শিক্ষা এই বার্তাকে সামনে রেখে চলে সারাদিন ব্যাপি বিশ্ব সচেতনতা দিবস পালন।

## মরিশদায় পানীয় জল প্রকল্পের উদ্বোধন

**নিজস্ব সংবাদদাতা, মারিশদা ঃ** পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি-৩ ব্লকের দুরমুঠ গ্রাম পঞ্চায়েতের বেলদা গ্রামে মঙ্গলবার পানীয় জল সরবরাহ প্রকল্পের উদ্বোধন করেন রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। প্রসঙ্গত, প্রতি বছর গরমকাল এলেই দুরমুঠ পঞ্চায়েত এলাকার মানুষদের পানীয় জল নিয়ে সমস্যার সম্মুখীন হতে হয়। চতুর্দশ অর্থকমিশন থেকে পাওয়া দুরমুঠ গ্রাম পঞ্চায়েতের ২১ লক্ষ টাকা ব্যয়ে ডিঙ্গেলবেড়িয়া, বেলদা, পাঁচিড়্যা ও গামড়ুলি সংসদে পানীয়জল সরবরাহ প্রকল্পের উদ্বোধন করে রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, এই সরকারের আমলে রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয়জল, স্বাস্থ্য পরিষেবা-সবক্ষেত্রেই আমূল পরিবর্তন ঘটেছে। স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়েছে। এই জেলায় হয়েছে কাঁচকাচে সুপার স্পেশালিটি হাসপাতাল। এলাকার দীর্ঘদিনের পানীয় জল সমস্যা সমাধানেও ব্যবস্থা গ্রহণ করা হল। পানীয়জল সরবারহ প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁথি-৩ ব্লকের বিদায়ী সভাপতি বিকাশ চন্দ্র বেজ, জেলা পরিষদ সদস্য চন্দ্রশেখর মন্ডল, দুরমুঠ গ্রাম পঞ্চায়েতের বিদায়ী প্রধান তাপসী সাউ ও উপপ্রধান স্বপন মাইতি প্রমুখ।

**মরহুম আনোয়ারা বেগমের স্মৃতির উদ্দেশ্যে সাম্প্রদায়িক সম্প্রীতির মিলন উপলক্ষে দুগলির আরামবাগে মঙ্গলবার বিকেলে সমাজসেবী সেখ আব্দুল সেলিমের উদ্যোগে প্রায় শ'দেড়েক মহিলা ও পুরুষকে এক বস্ত্রদান শিবিরের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরামবাগ সাংসদ অপরূপা পোদ্দার, চিকিৎসক নিমাই কুণ্ডু, ভাইস চেয়ারম্যান রাজেশ চৌধুরী, সেখ শাহিদ ইমাম, পলাশ রায়, শিশির সরকার, ওপধর খাড়া, হিমাংশু মালিক, সমীর আলি প্রমুখ।**

## বাড়িতে চুরির অভিযোগে গ্রেফতার

**নিজস্ব সংবাদদাতা, খেজুরি ঃ** খেজুরিতে বাড়িতে চুরির ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। সোমবার খেজুরি থানার পুলিশ উৎপল মণ্ডলকে গ্রেফতারের পর মঙ্গলবার কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে পুলিশ হেফাজতের নির্দেশ দেন। ধৃতের বাড়ি খেজুরি থানার বাঁশগোড়ার এলাকায়। জানা গেছে, ১০ মে রাতে খেজুরির অজয়া গ্রামের এক ব্যক্তির বাড়িতে চুরি ঘটনা ঘটে। এরপর বাড়ির মালিক খেজুরি থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ ধৃতকে গ্রেফতার করে। যদিও বাড়ির থেকে চুরি যাওয়া মূল্যবান সামগ্রি উদ্ধার করতে পারেনি পুলিশ।

# মেয়াদ উত্তীর্ণ ইনজেকশন দেওয়ায় বিক্ষোভ

**আজাহার মুনীর, পাঁশকুড়া ঃ** পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ায় এক টিবি রোগীকে সরকারি স্বাস্থ্য কেন্দ্র থেকে মেয়াদ উত্তীর্ণ ওষুধ (অ্যাম্পুল) সরবরাহ করার অভিযোগ উঠল। ঘটনার প্রতিবাদে রোগীর পরিবার ও স্থানীয় মানুষরা পাঁশকুড়া সিঙ্গা মুখা উপস্বাস্থ্য কেন্দ্রে এসে বিক্ষোভে ফেটে পড়েন। পরে উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক সুনীতি চেলি এই ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন এবং আগামী দিনে এমন ঘটনা ঘটবেনা বলে রোগী ও তাঁর সহযোগীদের প্রতিশ্রুতি দেবার পরে পরিস্থিতি স্বাভাবিক হয়। জানা গেছে, গত শুক্রবার স্থানীয় টিবিরোগে আক্রান্ত দুধকুমার বেরা পাঁশকুড়ার মুখা উপস্বাস্থ্য কেন্দ্রে আসেন। চিকিৎসকরা তাঁর চিকিৎসা করার পর একটি ইঞ্জেকশন শনিবার তাঁকে দেওয়া হয়। অভিযোগ যে, ইঞ্জেকশনটি শনিবার নেওয়ার জন্য দেওয়া হয়েছিল তার মেয়াদ শেষ হয়ে গিয়েছে। পরে জানতে পেরে

মঙ্গলবার সকালে রুগির পরিবার ও স্থানীয় কিছু মানুষ উপস্বাস্থ্য কেন্দ্রে এসে বিক্ষোভ দেখাতে থাকেন। তাঁদের অভিযোগ, এই ধরণের মেয়াদ শেষ হয়ে যাওয়া ঔষধ দেওয়ার পাশাপাশি ঠিকমত পরিষেবা পাওয়া যায়নি উপস্বাস্থ্য কেন্দ্র থেকে। তাই তাঁরা দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখাতে থাকেন। তবে মেয়াদ শেষ হয়ে যাওয়া ঔষধ দেওয়ার কথা স্বীকার করে নিয়েছে উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক সুনীতি চেলি। তিনি বলেন, আমরা সব সময় রুগিকে সঠিক ও সুন্দর পরিষেবা দেওয়ার চেষ্টা করি। কোন দিন এই ধরনের ঘটনা ঘটেনি। ভুল বসত হয়ে গিয়েছে, তার জন্য ক্ষমাপ্রার্থী। আগামীদিন যাতে এই ধরনের ভুল না হয় সেদিকে সদা সতর্ক থাকব। রুগি দুধকুমার বেরা জানান, টিবিরোগ আক্রান্ত হয়ে পড়ায় উপস্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার জন্য ভর্তি হই। শুক্রবার চিকিৎসক দেখার পর টিবিরোগের একটি ইঞ্জেকশন (অ্যাম্পুল) আমায় দেন। সেই ইঞ্জেকশনটি মেয়াদ শেষ হয়ে গিয়েছে। তিনি বলেন, দায়িত্ব প্রাপ্ত চিকিৎসক যদি এইভাবে ভুল ঔষধ দিয়ে থাকে তাহলে রুগি সুস্থ হওয়া তো দূরের কথা মৃত্যুর পথে এগিয়ে দেওয়ার ব্যবস্থা করছে। আমরা চাই স্বাস্থ্যকেন্দ্র সঠিক ও নিয়ম মেনেই চিকিৎসা পরিষেবা দেওয়া হোক। দীর্ঘক্ষণ বিক্ষোভ চলার পর প্রশাসনিক কর্তাদের কথায় বিক্ষোভ উঠে যায়। এই বিষয়ে পূর্ব মেদিনীপুর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ নিতাইচরণ মন্ডল জানিয়েছেন টিবি রোগের ওষুধ কেন্দ্র সরকার সরবরাহ করে। তাই রোগীদের কথা ভেবে আমাদের আগাম মজুত করে রাখতে হয়। সেই মজুত ফাইল থেকে দেওয়া ওষুধ এক-দুই দিন আগে মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়। ঘটনাটা জানতে পেরেই অন্য দিকে ওষুধ দেওয়া হয়েছে।